



অন্তর্বর্তীকালীন পাঠপরিকল্পনা, ২০২১

(পরীক্ষামূলক বাড়ির কাজসহ)



কোভিড-১৯
সময়ে
প্রাথমিক
বিদ্যালয়ের
শিক্ষার্থীদের
শিখন
কার্যক্রম
অব্যাহত
রাখতে
সহায়তা এবং
স্বাস্থ্যবিধি
অনুসরণপূর্বক
বাড়ির কাজ
প্রদানে প্রণীত



জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

সাধারণ নির্দেশনা

- শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের প্রথম থেকে ক্রমান্বয়ে সকল অনুশীলনীকে বাড়ির কাজ নামে ক্রমিক নম্বর প্রদান করা হয়েছে।
- বাংলা বিষয়ের বাড়ির কাজ করার ক্ষেত্রে কোন বিষয়বস্তু (গল্প, কবিতা, নাটক, বর্ণনা) পড়তে হবে, তার নির্দেশনা বাড়ির কাজের সাধারণ তথ্য অংশে উল্লেখ করা আছে।
- প্রতি সপ্তাহের জন্য মূল পাঠপরিকল্পনার ৬ দিনের পাঠ নির্ধারণ করা হয়েছে।
- সাপ্তাহিক পরিকল্পনায় শূক্রবারসহ অন্যান্য জাতীয় ছুটির দিন বাদ দিয়ে শ্রেণি কার্যক্রমের দিনগুলোকে তারিখের কলামে উল্লেখ করা হয়েছে।
- মূল পাঠপরিকল্পনায় সাময়িক পরীক্ষার জন্য নির্ধারিত দিনগুলোকে পাঠ দিবস হিসেবে গণ্য করা হয়েছে।
- শিখন ঘাটতি পূরণে পূর্বের শ্রেণির আবশ্যিকীয় শিখন বিষয়বস্তু শেড দিয়ে চিহ্নিত করা হয়েছে। শেড দেয়া ঘরের সংযুক্ত পূর্ববর্তী পাঠ বা পাঠ্যাংশ বা অনুশীলনীগুলো আগে শিক্ষার্থীদের বুঝিয়ে দিতে হবে, তারপর বর্তমান শ্রেণির পাঠ বা পাঠ্যাংশ বা অনুশীলনী শিক্ষক বুঝিয়ে দিবেন।
- যে পাঠের সাথে যে বাড়ির কাজ সম্পর্কিত তা শ্রেণি ও নম্বরসহ টেবিলে উল্লেখ করা হয়েছে। শিক্ষার্থীরা সরবরাহকৃত বাড়ির কাজগুলো পূরণ করার আগে তাদের পাঠ্যবইয়ে প্রদত্ত অনুশীলনী বা এন্টিভিটিগুলো কলম/ পেন্সিল দিয়ে পূরণ করবে, তারপর বাড়ির কাজগুলো পূরণ করবে ও প্রয়োজনে অতিরিক্ত কাগজে লিখবে।
- শিখন ঘাটতি পূরণে পূর্বের শ্রেণির পাঠের সাথে সম্পর্কিত বাড়ির কাজ পরবর্তী শ্রেণির বাড়ির কাজের সাথে শেড দেয়া টেবিলে ক্রমিকনম্বরসহ উল্লেখ করা হয়েছে।
- বিদেশি ভাষা হিসেবে ইংরেজি বিষয়ের ক্ষেত্রে শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের পড়া, বাড়ির কাজগুলো করতে শিক্ষার্থীদের অভিভাবকগণ (পিতা-মাতা, ভাই, বোন) সহায়তা করবেন।

শিক্ষকের জন্য ব্যবহার নির্দেশিকা

- প্রতি সপ্তাহের নির্দিষ্ট পাঠের বিষয়বস্তু ও সংশ্লিষ্ট বাড়ির কাজ সপ্তাহভিত্তিক শিক্ষার্থীদের কাছে প্রয়োজনীয় সহায়তা ও নির্দেশনাসহ পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করবেন।
- নির্দিষ্ট সপ্তাহ শেষে শিক্ষার্থীদের শিখন অগ্রগতি যাচাই করবেন ও বাড়ির কাজ সংগ্রহ করে তার ভিত্তিতে “শিক্ষার্থী প্রোফাইল” তৈরি ও সংরক্ষণ করবেন।
- অনলাইন শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পাঠপরিকল্পনায় নির্দিষ্ট তারিখের নির্ধারিত পাঠ (শিখন ঘাটতি পূরণ পরিকল্পনাসহ) উপস্থাপন করবেন। পাঠ উপস্থাপনার সাথে সাথে ঐ পাঠের জন্য নির্ধারিত বাড়ির কাজ শিক্ষার্থীদের যথাযথ নির্দেশনাসহ বুঝিয়ে দিবেন।
- প্রতিটি বাড়ির কাজের সীটে সংশ্লিষ্ট শিক্ষকের মোবাইল নম্বর সরবরাহ করতে হবে। যেন অভিভাবক ও শিক্ষার্থীরা প্রয়োজনে যোগাযোগ করতে পারেন।
- সকল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করবেন।